

পঞ্চায়েতে ১৬০০ কোটি

স্টাফ রিপোর্টার: পঞ্চায়েতে বোর্ড গঠন চলাকালীনই রাজ্যের জন্য সুখবর। আগামী ১০ দিনের মধ্যে ১৬০০ কোটি টাকা পেতে চলেছে রাজ্য সরকার। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক থেকে এই টাকা দেওয়া হবে রাজ্যের পঞ্চায়েত দফতরকে। রাস্তাঘাটের উন্নয়ন, পানীয় জল এবং নিকাশির কাজে এই টাকা ব্যবহার হবে বলে পঞ্চায়েত দফতর সূত্রে জানা গিয়েছে। ফলে রাজ্যে পঞ্চায়েতের কাজে আরও গতি আসবে বলেও মনে করা হচ্ছে।

প্রধানমন্ত্রী আবাস যোজনা, ১০০ দিনের কাজের প্রকল্প -সহ একাধিক প্রকল্পে প্রাপ্য টাকা এখনও দেয়নি কেন্দ্র। এই নিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও একাধিকবার দিল্লিতে দরবার করেছেন। কিন্তু তাও ন্যায্য প্রাপ্য থেকে বাংলাকে বঞ্চিত করে রেখেছে কেন্দ্র। তবে পরিকাঠামো উন্নয়ন খাতে এই টাকা আসতে পারে। সূত্রের খবর, মঙ্গলবার

দিল্লি থেকে চিঠি পাঠানো হয়েছে। সেখানে বলা হয়েছে, দিন দশেকের মধ্যেই এই ১৬০০ কোটি টাকা পেতে চলেছে রাজ্য। আপাতত শোনা গিয়েছে, গ্রামের উন্নয়ন, রাস্তাঘাট, নিকাশি-ব্যবস্থার জন্য এই টাকা পেতে চলেছে রাজ্য। কত দ্রুত কাজ শেষ হচ্ছে, তার উপর নির্ভর করবে পরবর্তী বরাদ্দ। উল্লেখ করা হয়েছে, নভেম্বরের মধ্যে প্রাপ্য টাকার ৭৫ শতাংশ খরচ করা হলে বাকি আরও টাকা পাঠানো হবে। তবে এই টাকা আসার বিষয়টি এখনও জানা নেই বলেই জানিয়েছেন রাজ্যের পঞ্চায়েতমন্ত্রী প্রদীপ মজুমদার। তিনি বলেন, “না আঁচালে বিশ্বাস নেই। এই সরকার তো সবই বন্ধ করে দিয়েছে। যদি এই ১৬০০ কোটি টাকা দেয়, তবে তা পঞ্চদশ অর্থ কমিশনেরই হবে। ওই টাকাটাই তো এখনও পুরোপুরি বন্ধ করেনি। আবাস থেকে ১০০ দিনের প্রকল্প সমস্ত টাকাই তো বন্ধ করে রেখেছে কেন্দ্র।”